

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৭৭০

১/ বিবিধ

আরবী

من أسف على دنيا فاتته اقتراب من النار مسيرة ألف سنة، ومن أسف على آخرة فاتته اقتراب من الجنة مسيرة ألف سنة  
ضعيف جدا

رواه أبو عبد الله الرازي في مشيخته (168 / 2) عن هاشم بن محمد بن يزيد المؤذن حدثهم: حدثنا عمرو بن بكر عن المغيرة عن عمرو بن شعيب عن أبيه عن جده مرفوعا قلت: وهذا إسناد ضعيف جدا، وفيه علل. الأولى: المغيرة هذا هو ابن قيس البصري. قال أبو حاتم: منكر الحديث. وأما ابن حبان فذكره في "الثقات". الثانية: عمرو بن بكر هو السكسكي الشامي، قال الحافظ: متروك. الثالثة: هاشم بن محمد لم أجد له ترجمة، وقد ذكر الحافظ في "التهذيب" أنه رواية السكسكي، ولعله في "تاريخ ابن عساكر"، فإن نسخة الظاهرية منه ليس فيها من اسمه هاشم. والحديث أورده السيوطي في "الجامع الصغير" من رواية الرازي هذا، وبيض له المناوي، فلم يتكلم على إسناده بشيء

বাংলা

১৭৭০। যে দুনিয়া ছুটে যাওয়ার ব্যাপারে আফসোস করবে (দুনিয়ার কোন কর্ম করতে না পারার জন্য চিন্তিত হবে), সে এক হাজার বছরের দূরত্ব পরিমাণ জাহান্নামের আগুনের নিকটবর্তী হবে। আর যে আখেরাত ছুটে যাওয়ার ব্যাপারে আফসোস করবে (আখেরাতের জন্য কোন কর্ম না করতে পারার জন্য চিন্তিত হবে), সে এক হাজার বছরের দূরত্ব পরিমাণ জান্নাতের নিকটবর্তী হবে।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে আবু আব্দুল্লাহ রাযী তার "মাসীখাহ" গ্রন্থে (২/১৬৮) হাশেম ইবনু মুহাম্মাদ ইবনু ইয়াযীদ মুয়াযযিন হতে, তিনি আমর ইবনু বাকর হতে, তিনি মুগীরাহ হতে, তিনি আমর ইবনু শুয়াইব হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ কয়েকটি কারণে এ সনদটি খুবই দুর্বলঃ

(১) বর্ণনাকারী মুগীরাহ হচ্ছেন ইবনু কায়েস বাসরী। আবু হাতিম বলেনঃ তিনি মুনকারুল হাদীস। আর ইবনু হিব্বান তাকে "আসসিকাত" গ্রন্থে নির্ভরযোগ্যদের মধ্যে উল্লেখ করেছেন।

(২) আমর ইবনু বাকর হচ্ছেন সাকসাকী শামী। হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি মাতরুক।

(৩) হাশেম ইবনু মুহাম্মাদের জীবনী পাচ্ছি না। হাফিয ইবনু হাজার "আততাহযীব" গ্রন্থে উল্লেখ করেছেন যে, তিনি সাকসাকী হতে বর্ণনাকারী। হাদীসটিকে সুযূতী "আলজামেউস সাগীর" গ্রন্থে রাযীর বর্ণনায় উল্লেখ করেছেন। আর মানবী তার জন্য খালী স্থান রেখে দিয়ে এর সনদটি সম্পর্কে কিছুই বলেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72653>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন